

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪, আবদুল গনি রোড, ঢাকা।
www.rd.gov.bd

স্মারক নং- ১০.০৫.০০০০.০০৪.৯৯.০২৪.২২-৪৩৩(৬১)

তারিখ: ১১/১০/২২ খ্রিঃ

বিষয় :- লিজকৃত জমির ক্ষেত্রে অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি দলিল রেজিস্ট্রির বিষয়ে মতামত প্রসঙ্গে।

সূত্রঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-০৬ এর স্মারক নং-আর ৬/১ এম-১০/২০১৭-১৮৬, তারিখ-১০-০৭-২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে বিসিক এর ইজারাকৃত প্লটের ক্ষেত্রে ইজারাগ্রহীতার নামে সর্বশেষ খতিয়ান না থাকলেও অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি দলিল রেজিস্ট্রিকরনের ক্ষেত্রে রেজিস্ট্রেশন আইন, ১৯০৮ এর Section 52A(a) এর শর্ত মতে ইজারাগ্রহীতার নামে নামজারী খতিয়ান থাকার শর্তটি প্রতিপালনযোগ্য নয় মর্মে আইন ও বিচার বিভাগ কর্তৃক প্রদত্ত মতামতের ফটোকপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্ত: ৩ ফর্দ।

(শহীদুল আলম বিনুক)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

জেলা রেজিস্ট্রার.....(সকল)। তাঁর জেলার সকল সাব-রেজিস্ট্রার-কে বিষয়টি অবহিত করার জন্য বলা হ'ল।

স্মারক নং- ১০.০৫.০০০০.০০৪.০১. ০২৩.২২-৪৩৩(৬১)/৯

তারিখ: ১১/১০/২২ খ্রিঃ

অনুলিপি অবগতি জন্য প্রেরণ করা হ'ল :

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সহকারী মহা-পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব), নিবন্ধন অধিদপ্তর ঢাকা।
- ৪। রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট ও বরিশাল, নিবন্ধন অধিদপ্তর ঢাকা
- ৫। অফিস কপি।

(শহীদুল আলম বিনুক)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।